# ACS থেকে DOE-তে আর্লিলার্ন স্থানান্তর: ফ্যামেলি চাইল্ড কেয়ার

*আমাদের দর্শন:* ফ্যামেলি চাইল্ড কেয়ার-এর শক্তিশালী অবদানের স্বীকৃতি হিসেবে DOE 'ফ্যামেলি চাইল্ড কেয়ার' (শিশুসেবা প্রদানকারী) প্রদানকারীদেরকে নিউ ইয়র্ক সিটির শিশুকালীন পরেষেবা ও শিক্ষা ব্যবস্থার মধ্যে সম্মানীত ও মূল্যবান পেশাদার হিসেবে গণ্য করে। DOE বার্থ-টু-ফোর (জন্ম থেকে চার বছর পর্যন্ত) প্রোগ্রাম হিসেবে ফ্যামেলি চাইল্ড কেয়ার-কে সহায়তা দিতে ও বিদ্যমান সক্ষমতাকে আরও বাড়াতে আগ্রহী যা অব্যাহত ও প্রতিক্রিয়া প্রদানকারী সম্পর্ক উন্নয়ন, শৈশবের শিক্ষণ দক্ষতা বৃদ্ধি, অধ্যবসায় আয়ত্ত, এবং ভবিষ্যতের সকল শিক্ষণের ভিত্তি তৈরি করে।

*ACS থেকে DOE-তে আর্লিলার্ন স্থানান্তর বলতে কী বুঝানো হয়?*

- শৈশবের তত্ত্বাবধান ও শিক্ষার অধিকতর শক্তিশালী একটি ব্যবস্থা চালুর জন্য জন্ম থেকে পাঁচ বছর পর্যন্ত ছেলেমেয়েদের পরিষেবাদানকারী প্রোগ্রাম আর্লিলার্ন এখন থেকে DOE-এর ব্যবস্থাপনায় পরিচালিত হবে।
- এই পরিবর্তনের অন্তর্ভুক্ত আছে আর্লিলার্ন কেন্দ্র ভিত্তিক প্রোগ্রাম ও ফ্যামেলি চাইল্ড কেয়ার নেটওয়ার্ক এবং তাদের সাথে সম্বন্ধযুক্ত পরিষেবাপ্রদানকারী। DOE ফ্যামেলি চাইল্ড কেয়ার নেটওয়ার্কের কাঠামো নিয়ন্ত্রণ করবে।
- 2019 সালের জুলাইতে সকল আর্লিলার্ন চুক্তি DOE-এর কাছে হস্তান্তরের সময়সূচি স্থির করা হয়েছে। চুক্তির শর্ত অপরিবর্তিত থাকবে এবং এসব চুক্তি 30 জুন, 2020-এ মেয়াদোত্তীর্ণ হবে।

*2019-এর পরে কী ঘটবে?*

- জন্ম-থেকে-পাঁচ বছরের পরিষেবার জন্য DOE চুক্তি করবে যা শুরু হবে জুলাই বা সেপ্টেম্বর 2020 সালে তিনটি আলাদা রিকোয়েস্ট ফর প্রপোজাল (RFP)- এর মাধ্যমে):
  - জন্ম-থেকে-পাঁচ বছরের সার্ভিসের জন্য RFP: স্কুল দিবস/বছর এবং দীর্ঘায়িত দিবস/বছর (কেন্দ্র-ভিত্তিক প্রোগ্রাম এবং গ্রুপ ফ্যামেলি ডে কেয়ার);
  - হেড স্টার্ট/আর্লি হেড স্টার্ট সার্ভিস RFP (কেন্দ্র-ভিত্তিক প্রোগ্রাম); এবং
  - ফ্যামেলি চাইল্ড কেয়ার নেটওয়ার্ক RFP (গ্রুপ ফ্যামেলি ডে কেয়ার এবং ফ্যামেলি ডে কেয়ার প্রদানকারীদের সাথে সম্বন্ধযুক্ত নেটওয়ার্ক)।
- জন্ম-থেকে-পাঁচ বছরের সার্ভিসের জন্য RFP এবং হেড স্টার্ট/আর্লি হেড স্টার্ট সার্ভিসের RFP 2019 সালের মার্চে প্রকাশ করা হয়েছিল এবং তা অনলাইনে HHS অ্যাক্সিলারেটর-এর মাধ্যমে পাওয়া যাবে। DOE অনুমান করছে ফ্যামেলি চাইল্ড কেয়ার নেটওয়ার্ক RFP 2019 সালের বসন্তে (স্প্রিংয়ে) পাওয়া যাবে।

*ফ্যামেলি চাইল্ড কেয়ার নেটওয়ার্ক RFP-এর জন্য কারা আবেদন করেন?*

- ফ্যামেলি চাইল্ড কেয়ার **প্রদানকারীগণ**, যারা একটি নেটওয়ার্কের সাথে সম্বন্ধযুক্ত, তাদেরকে RFP-এর জন্য আবেদন করতে **হবে না**।
- নিম্নলিখিত পরিষেবাগুলোর জন্য সিটির সাথে চুক্তি বজায় রাখতে ফ্যামেলি চাইল্ড কেয়ার নেটওয়ার্কগুলোকে ফ্যামেলি চাইল্ড কেয়ার নেটওয়ার্কস্ RFP-তে আবেদন করতে হবে:
  - 3-K ফর অল
  - শিশু, হামাগুড়ি দেওয়া শিশু এবং তিন বছর বয়সীদের পরিষেবা দেওয়ার জন্য চাইল্ড কেয়ার (দীর্ঘায়িত দিবস/বছর) পর্ব
- FCC প্রদানকারীগণ যে পরিষেবার জন্য আবেদন করবে, সেটা জানায় সহায়তা পেতে তাদের নেটওয়ার্কের সাথে কথা বলতে হবে।

*ফ্যামেলি ডে কেয়ার প্রদানকারীর জন্য 3-K-এর শর্ত কী কী?*

- তাদেরকে অবশ্যই কোন FCC নেটওয়ার্কের সাথে সম্বন্ধযুক্ত হতে হবে।
- তাদেরকে হয় লাইসেন্স/রেজিস্ট্রেশনে উল্লেখ অনুযায়ী অনসাইট পরিষেবা প্রদানকারী হতে হবে এবং/অথবা সহকারী হলে অবশ্যই তাদের CDA (চাইল্ড ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েট) বা উচ্চতর স্বীকৃতি থাকতে হবে।

*আমরা যদি গ্রুপ ফ্যামেলি ডে কেয়ার (GFDC) প্রদানকারী হই, তাহলে আমার কী কী সুযোগ আছে?*

- GFDC-গুলো একটি নেটওয়ার্কের সাথে সম্বন্ধযুক্ত হতে, কিংবা সরাসরি DOE-এর চুক্তির জন্য আবেদন করতে পারবে।
- আপনারা **একটি নেটওয়ার্কের সাথে সম্বন্ধযুক্ত হতে চাইলে**:

- আপনাদেরকে RFP-তে একটি প্রস্তাব জমা দিতে হবে না।
- আপনারা মিশ্র বয়সের (শিশু, হামাগুড়ি দে ওয়া শিশু, তিন বছর বয়সী) জন্য পরিষেবা দিতে পারবেন।
- আপনারা নিম্নলিখিত পরিষেবা দিতে পারবেন:
  - 3-K ফর অল (CDA স্বীকৃতি বাধ্যতামূলক)
  - শিশু, হামাগুড়ি দেওয়া শিশু এবং তিন বছর বয়সীদের পরিষেবার জন্য চাইল্ড কেয়ার (দীর্ঘায়িত দিবস/বছর)
- আপনাদের কোন সার্টিফায়েড টিচার থাকতে হবে না

- আপনি যদি **DOE-এর সাথে সরাসরি চুক্তি** করতে চান:
  - আপনাকে 5 জুন, 2019 তারিখের মধ্যে জন্ম-থেকে-পাঁচ বছরের সার্ভিসের জন্য RFP-তে একটি প্রস্তাব জমা দিতে হবে (তথ্যসহায়তার জন্য নিচে দেখুন)।
  - আপনি শুধু নির্দিষ্ট একটি বয়সীদের পরিষেবা দিতে পারবেন: 3-বছর বয়সী বা 4-বছর বয়সী।
  - আপনারা নিম্নলিখিত পরিষেবা দিতে পারবেন:
    - 3-বছর বা 4-বছর বয়সীদের জন্য স্কুল দিবস এবং বাৎসরিক পরিষেবা
    - 3-বছর বা 4-বছর বয়সীদের জন্য দীর্ঘায়িত দিবস এবং বাৎসরিক পরিষেবা
  - আপনাদের সার্টিফায়েড টিচার থাকতে হবে।
  - আপনাকে একটি কেন্দ্র-ভিত্তিক প্রোগ্রামে বিবেচনা করা হবে এবং আপনাকে অবশ্যই 3-K ফর অল এবং প্রি-K ফর অল পরিষেবার জন্য পলিসি হ্যান্ডবুকের রূপরেখায় দেওয়া শর্ত পূরণ করতে হবে।

***আমরা যদি কোন নেটওয়ার্কের সাথে সম্বন্ধযুক্ত হই এবং আমরা যে পরিষেবা দিতে আগ্রহী, সেটার জন্য সে নেটওয়ার্ক যদি DOE-এর সাথে চুক্তিবদ্ধ না থাকে, তাহলে কী হবে?***

- আপনারা অন্য নেটওয়ার্কের সাথে যোগাযোগ করতে পারেন যাদের সাথে সে পরিষেবা প্রদানের চুক্তি রয়েছে এবং সে নেটওয়ার্কের সাথে সম্বন্ধযুক্ত হতে চাইতে পারেন।
- DOE-এর ফ্যামেলি চাইল্ড কেয়ার সাপোর্ট টিম অন্য নেটওয়ার্কের সাতে সংযুক্ত হতে সহায়তা করতে পারে।

***যদি কোন প্রতিষ্ঠান তাদের নেটওয়ার্কে সংযুক্ত হওয়ার বা আমার জন্য একটি RFP প্রস্তাব জমা দেওয়ার জন্য অর্থ দাবি করে, তাহলে আমি কী করবো?***

- সম্বন্ধযুক্ত হওয়ার জন্য নেটওয়ার্কের কোন অর্থ দাবি করা উচিৎ নয়।
- কোন প্রতিষ্ঠান অর্থের বিনিময়ে আপনাকে আসন প্রদানের নিশ্চয়তা দিতে পারে না।
- আপনার সুযোগসমূহ সম্পর্কে জানতে DOE ফ্যামেলি চাইল্ড কেয়ার! সাপোর্ট টিমের সাথে যোগাযোগ করুন।

***RFP সম্পর্কে আমি কোথায় আরও জানতে পারি?***

- উন্মুক্ত RFP-তে আবেদন করা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যসহায়তা পেতে schools.nyc.gov/provideearlychildhood ওয়েবসাইট দেখুন। প্রশ্ন থাকলে PreKRFP@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।
- সকল আবেদনপত্র অবশ্যই অনলাইনে HHS অ্যাক্সিলারেটর- এর মাধ্যমে জমা দিতে হবে। HHS দেখার উপায় সম্পর্কে জানতে পারবেন schools.nyc.gov/provideearlychildhood ওয়েবসাইট থেকে।

***DOE কী কী সহায়তার সুযোগ দেয়?***

অগ্রসহ হওয়ার জন্য FCC প্রোগ্রামগুলো FCC নেটওয়ার্ক ও DOE স্টাফদের থেকে যে সহায়তা লাভ করবে: (1) ছেলেমেয়েদের জন্য সাড়া দানকারী সম্পর্ক ও ইতিবাচক অভিজ্ঞতা; (2) একটি মিশ্র-বয়সী পরিবেশে ক্রীড়াভিত্তিক ও অনুসন্ধানী পাঠ্যক্রম; (3) অধ্যবসায় বাড়ানর জন্য কম বয়সে রক্ষণাত্মক উপাদান

নেটওয়ার্কগুলো যা যা পাবে:

- সহায়তার জন্য অনসাইট পরিদর্শন এবং নেটওয়ার্ক লিডার, স্টাফ এবং পরিষেবা প্রদানকারীদের জন্য সরাসরি পেশাদারী শিক্ষণ অধিবেশন
- আন্তঃবিষয়ক তথ্যসহায়তা ও পারিবারিক সংশ্লিষ্টতা সহায়তা
- প্রশাসনিক সহায়তা

**আপনার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে DOE ফ্যামেলি কেয়ার সাপোর্ট টিম-এর সাথে ইমেইলে fccsupportteam@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।**